দর্শনার ফুলবাড়ী সীমান্তে বিজিবির অভিযানে ৬টি ভারতীয় এয়ারগান উদ্ধার

দর্শনার ফুলবাড়ী সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়েছে বিজিবি। এ অভিযানে ৬টি অত্যাধুনিক ভারতীয় এয়ারগান উদ্ধার করেছে। এসময় বিজিবির উপস্থিতি টেরপেয়ে পালিয়েছে চোরাকারবারী।

বিজিবি জানায়, বিশেষ সংবাদের ভিত্তিতে জানতে পেরে মঙ্গলবার সন্ধা সাড়ে ৬টার দিকে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন অন্তর্গত ফুলবাড়ী সীমান্ত এলাকা দিয়ে ভারত হতে অবৈধ অস্ত্রের চালান বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করবে।

এমন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটলিয়নের অধিনায়ক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি’র সার্বিক দিক নির্দেশনায় ফুলবাড়ী সীমান্ত ফাঁড়ীর রাত্রীকালীন টহল কমান্ডার নায়েব সুবেদার মোঃ ফারুক হোসেন সঙ্গীয় টহলদল নিয়ে সীমান্ত পিলার ৮৬ হতে ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বেদেপোতা মাঠ নামক স্থানে এ্যাম্বুশ করে।

এসময় সীমান্ত পিলার ৮৬ এর নিকট দিয়ে ভারত হতে ২ জন ব্যক্তিকে মাথায় কার্টুন নিয়ে বাংলাদেশে প্রবেশ করতে দেখলে বিজিবি’র সশস্ত্র টহলদল চোরাকারবারীদেরকে ধাওয়া করে। ফলে চোরাকারবারীদের মাথায় থাকা কার্টুন ফেলে দৌড়ে ভূট্টা ক্ষেতের মধ্যে পালিয়ে যায়। পরবর্তীতে বিজিবি সশস্ত্র টহলদল ফেলে যাওয়া কার্টুন উদ্ধার করে এবং উদ্ধারকৃত ২টি কার্টুনের মধ্যে থেকে ৬টি অত্যাধুনিক ভারতীয় এয়ারগান আটক করতে সক্ষম হয়।

এ বিষয়ে দর্শনা থানায় অবৈধ অস্ত্র আইনে মামলা করে আটককৃত এয়ার গানগুলো জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।